

## বিশ্ববিদ্যালয়গুলোতে চলমান অস্থিরতা

**অচলাবস্থা নিরসনে পদক্ষেপ গ্রহণের আহ্বান জানাচ্ছে আইন ও সালিশ কেন্দ্র (আসক)**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), পাবনা প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট)- দেশের এ ৫টি বিশ্ববিদ্যালয়ে বেশ কিছুদিন ধরে অস্থিরতা চলছে যার ফলে শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। আসক যথাযথ কর্তৃপক্ষের কাছে বিশ্ববিদ্যালয়গুলোর অচলাবস্থা দূরীকরণে সব পক্ষের সাথে আলোচনা সাপেক্ষে দ্রুততার সাথে কার্যকর সমাধান নিশ্চিত করার আহ্বান জানাচ্ছে। পাশাপাশি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের ওপর আক্রমণকারীদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার দাবী জানাচ্ছে।

বিশ্ববিদ্যালয়গুলোতে অস্থিরতার পেছনে যে কারণগুলো রয়েছে বলে গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হচ্ছে তার মধ্যে অন্যতম হচ্ছে দলীয় পছন্দে উপাচার্য নিয়োগ, উপাচার্য ও প্রশাসনের বিরুদ্ধে ব্যাপক দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহারের অভিযোগ, সরকারদলীয় ছাত্র সংগঠন ছাত্রলীগের বেপরোয়া আচরণ ও নানা নির্যাতন-নিপীড়ন, শিক্ষার্থী ও শিক্ষকদের ওপর ন্যাক্কারজনকভাবে হামলা ইত্যাদি। এসব অভিযোগে দীর্ঘদিন ধরে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সময়ে সময়ে অস্থিরতা তৈরী হচ্ছে যা উচ্চশিক্ষার পরিবেশ নষ্ট করেছে। বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষার সুষ্ঠু ও উপযোগী পরিবেশ তৈরী করতে এবং উচ্চশিক্ষার যথোপযুক্ত মান নিশ্চিত করতে উপাচার্য-প্রশাসন-শিক্ষক-ছাত্রলীগের বিরুদ্ধে উত্থাপিত বিভিন্ন অভিযোগসমূহ নিরপেক্ষ তদন্তের মাধ্যমে খতিয়ে দেখে স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি করণীয়সমূহ নির্ধারণ করে দ্রুততার সাথে সেগুলো বাস্তবায়ন করা অত্যাবশ্যকীয়। সরকারের কাছে এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণের আহ্বান জানাচ্ছে আসক।